রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত

এ বাজেট প্রকাশনায় রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার অ-আর্থিক (Non financial) শ্রেণিভুক্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী নিম্নলিখিত ৭টি সেক্টরে বিভক্ত করা হয়েছে:

১. শিল্প সেক্টরে ৬ টি সংস্থা	:	বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে ৬ টি সংস্থা	:	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ, খুলনা পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং রাজশাহী পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ।
৩. পরিবহন ও যোগাযোগ সেক্টরে ৭ টি সংস্থা	:	বাংলাদেশ সমুদ্র পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪. বাণিজ্য সেক্টরে ৩ টি সংস্থা	:	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত) এবং বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন।
৫. কৃষি ও মৎস্য সেক্টরে ২ টি সংস্থা	:	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬. নির্মাণ সেক্টরে ৬ টি সংস্থা	:	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৭. সার্ভিস (সেবামূলক) সেক্টরে ১৯ টি সংস্থা	:	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, পল্লি বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টটিউট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ চা বোর্ড, এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, বাংলাদশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।

এ বাজেটে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের আয়, ব্যয়, মূল্যসংযোগ, উৎপাদনে শ্রম, মূলধন ইত্যাদির অবদান, উৎপাদনশীলতা, সঞ্চয় ও বিনিয়োগ ইত্যাদির সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত তুলে ধরা হয়েছে।

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের আয় ও ব্যয়

সারণি-১ এ ৪৯টি সংস্থার ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এবং ২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাবের ভিত্তিতে ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত মোট পরিচালন রাজস্ব, মূল্যসংযোগ, শ্রমিক প্রতি মূল্যসংযোগ এবং প্রবৃদ্ধির হার দেখানো হয়েছে।

সারণি-১ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. পরিচালন রাজস্ব	২০৮,০৭৬.৮২	১১.৭২	১৮২,৯৮৮.৪৯	১৬৬,৭২২.২০
২. ক্রীত পণ্য ও সেবা	১৮৯,৫৩৩.০৬	১৫.৩৩	১৬২,৮৬১.৭৩	১৪২,৪৮৭.১১
৩. উৎপাদন ব্যয় ভিত্তিক মূল্যসংযোগ	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
৪. বেতন ও ভাতাদি	৭,৫৭৬.৮৩	৫.১৬	৯,০০৪.৩২	৬,৮৫১.৬৪
৫. অবচয়	১০,৯১৬.১২	(৩.৪০)	১০,৪২২.৩৮	১১,৬৯৬.৮৮
৬. পরিচালন উদ্বৃত্ত/লোকসান	৫০.৮১	(৯০.৫৫)	৭০০.০৫	৫,৬৮৬.৫৭
৭. উৎপাদনের উপাদান ভিত্তিক মূল্যসংযোগ	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান)	৮৮৬৪.২৫	(৯.০৩)	৮৪৯৯.৬	১০৭১০.৯৬

২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী মোট পরিচালন রাজস্ব ১৬৬,৭২২.২০ কোটি টাকা যা ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে ২০৮,০৭৬.৮২ কোটি টাকায় দাঁড়াবে। বার্ষিক প্রবৃদ্ধির হার (exponential growth rate) ১১.৭২ শতাংশ। উপরোক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ১৫.৩৩ শতাংশ বৃদ্ধি পাবে। কর্পোরেশনসমূহের মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরে ২৪,২৩৫.০৯ কোটি টাকা ছিল যা হ্রাস পেয়ে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজটে ২০,১২৬.৭৬ কোটি টাকা এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১৮,৫৪৩.৭৬ কোটি টাকা দাঁড়াবে বলে অভিক্ষেপণ করা হয়েছে। মূল্যসংযোগ হ্রাসের হার ১২.৫৩ শতাংশ।

সারণি-১ হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে বেতন-ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৯-২০ অর্থবছরে পরিচালন মুনাফা ছিল ৫,৬৮৬.৫৭ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত বাজেট এবং ২০২১-২২ প্রাক্কলিত বাজেট পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৭০০.০৫ কোটি টাকা এবং ৫০.৮১ কোটি টাকা ।

২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী নীট মুনাফার পরিমাণ প্রায় ১০৭১১.৭৭ কোটি টাকা। তন্মধ্যে ৩৭টি প্রতিষ্ঠান লাভজনকভাবে পরিচালিত হচ্ছে এবং ১২ টি প্রতিষ্ঠান লোকসানের সন্মুখীন হয়েছে। ১২টি প্রতিষ্ঠানের মোট লোকসানের পরিমাণ প্রায় ৩১৪০.৩২ কোটি টাকা। তন্মধ্যে বিদ্যুৎ খাতের লোকসান ৯৩১০ কোটি যা ১০টি প্রতিষ্ঠানের মোট লোকসানের প্রায় **৮১%**।

২০১৯-২০ অর্থবছরে ৪৯টি সংস্থায় কর্মরত জনবল ছিল ১,৫৫,৬১৫ জন। ২০২০-২১ সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে জনবল দাঁড়াবে যথাক্রমে ১,৫৩,০০৬ জনে এবং ১,২৮,৭৪৬ জনে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট উৎপাদিত পণ্যে শ্রমের অংশ (বেতন ও ভাতাদি) ২০১৯-২০ অর্থবছরের তুলনায় বাড়বে। জনবল প্রতি গড় বেতন ও ভাতাদি ২০১৯-২০ অর্থবছরের ৪,৪০,২৯৪.৩২ টাকা হতে ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে ৫,৮৮,৫০৯.৯৩ টাকায় দাঁড়াবে । উপরোক্ত সময়ে কর্মচারীর সংখ্যা প্রায় ১.০৪% হ্রাস পাবে। উল্লেখ্য ২০২০-২১ সংশোধিত বাজেটে জনবল প্রতি গড় বার্ষিক বেতন ও ভাতাদি ৫,৮৮,৪৯৪.৫৭ টাকায় দাঁড়াবে।

সারণি-২ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত সেক্টর ভিত্তিক মূল্যসংযোগের প্রবৃদ্ধির হার এবং মোট জাতীয় উৎপাদনের অংশ দেখানো হয়েছে।

সারণি-২ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ অর্থবছরের দেশজ উৎপাদন	২০১৯-২০ সাময়িক
১. শিল্প	১,০৯১.৫৯	২৫.২০	৬১৬.৮৮	৫,২৫,২৬৯	৬৯৬.৩৭
২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি	১,৫১৩.৮৬	(৩১.২৪)	(২,৮৬১.৩২)	৩৪,৩১৮	৩৯৯.৭৯
৩. পরিবহন ও যোগাযোগ	২,৭১৪.২৮	(১.৬৪)	২,৪৮০.৭২	২,৪৮,৭৬৮	২,৮০৫.৭৫
৪. বাণিজ্য	৫৪.৭৭	(৬৩.৬৮)	৫,৯৮৮.১৩	৩৬,০২৮	৬,১৫৪.৫২
৫. কৃষি	২৮৪.৪৮	৭.১৯	২৬০.৯১	২,৬৫,১৮২	২৪৭.৬১
৬. নির্মাণ	৯০১.৯৩	৫২.৯৪	৪৯৮.৭৪	২২,৪১৬	৩৮৫.৫৮
৭. সার্ভিস সেক্টর	১১৯৮২.৮৩	(৫.৯৪)	১৩,১৪২.৭০	১৮,৮৮,৩৯৭	১৩,৫৪৫.৪৭
৮. মোট	১৮৫৪৩.৭৪	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৭,৯৬,৩৭৮	২৪,২৩৫.০৯

২০১৯-২০ অর্থবছরে কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্য মূল্যসংযোগের ভিত্তিতে মোট দেশজ উৎপাদনের (GDP) ০.৮৬ শতাংশ। কৃষি, বাণিজ্য, নির্মাণ এবং সার্ভিস সেক্টরসমূহ মূলত ব্যক্তি মালিকানাধীন বিধায় এ সকল সেক্টরে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অবদান কম। অপরদিকে শিল্প সেক্টরে রাষ্ট্রীয় সংস্থার অবদান ০.১৩ শতাংশ।

সারণি-৩ এ শিল্প সেক্টরের ৬ টি কর্পোরেশনের মূল্যসংযোগ, পরিচালন উদ্বৃত্ত, সংরক্ষিত আয় , কর উত্তর নীট মুনাফা এবং লভ্যাংশের তথ্য বর্ণিত রয়েছে।

সারণি-৩ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. মূল্যসংযোগ	১,০৯১.৫৯	৬১৬.৮৮	৬৯৬.৩৭
২. পরিচালন উদ্বৃত্ত/ (লোকসান)	(৮০৯.৫১)	(১,৩৫৬.১৩)	(১,৮১৭.৭০)
৩. নীট মুনাফা	(১,৪৮৯.২৩)	(১,৯৯৫.৪১)	(২,৪২৭.৭৪)
৪. সংরক্ষিত আয়	(১,৫১৬.০২)	(২,০১৫.৯৫)	(২,৪৫২.১৩)
৫. লভ্যাংশ (ডিভিডেন্ট)	১৬.০০	১৬.০০	১২.০০

শিল্প সেক্টরসমূহের মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরে ছিল ৬৯৬.৩৭ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ৬১৬.৮৮ কোটি টাকায় এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ১,০৯১.৫৯ কোটি টাকায় দাঁড়াবে । ক্রীত পণ্য ও সেবা, বেতন ও ভাতাদি এবং অবচয় খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় উল্লিখিত বছরসমূহে সংস্থাগুলো পরিচালন লোকসানের সম্মুখীন হবে। ২০১৯-২০ অর্থবছরে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১,৮১৭.৭০ কোটি টাকা যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ১,৩৫৬.১৩ কোটি টাকায় এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ৮০৯.৫১ কোটি টাকায় দাঁড়াবে । ২০১৯-২০ অর্থবছরে শিল্প সেক্টরসমূহ সরকারি কোষাগারে ১২.০০ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করেছে। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শিল্প সেক্টরসমূহ কর্তৃক সরকারি কোষাগারে ১৬.০০ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে ।

উৎপাদনশীলতা

সারণি- ৪ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত কর্মী প্রতি মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

সারণি- ৪

বিবরণ	২০২১-২২ প্রাক্কলিত	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত	২০১৯-২০ সাময়িক
১. মুল্যসংযোগ (কোটি টাকা)	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
২. কর্মচারী সংখ্যা (হাজারে)	১,২৮৭.৪৬	(৯.০৪)	১,৫৩০.০৬	১,৫৫৬.১৫
৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ টাকায় (১/২)	১৪,৪০৩.৩৭	(৩.৮৩)	১৩,১৫৪.২৩	১৫,৫৭৩.৭৫

শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরের ১৫,৫৭৩.৭৫ টাকা হতে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ১৩,১৫৪.২৩ টাকায় দাঁড়াবে। প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৩.৮৩ শতাংশ অনুমান করা হয়েছে। উপরোক্ত সময়ে কর্মচারী সংখ্যা ৯.০৪ শতাংশ হ্রাস পাবে। শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে হ্রাস পাবে। এখানে উল্লেখ্য যে শ্রমিক প্রতি উৎপাদনশীলতা সত্যিকার অর্থে শ্রমের উৎপাদনশীলতা বোঝায় না। কারণ এ থেকে মূলধনের উৎপাদনশীলতা পৃথক করা হয়নি। অতএব এ পরিমাপক সতর্কতার সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৫ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ অর্থবছরের সেক্টর ভিত্তিক কর্মী প্রতি মূল্যসংযোগ/ উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

সারণি -৫

বিবরণ	সর্বমোট	শিল্প	বিদ্যুৎ, গ্যাস এবং পানি	পরিবহন ও যোগাযোগ	বাণিজ্য	কৃষি	নির্মাণ	সার্ভিস সেক্টর
১. মূল্যসংযোগ (কোটি টাকায়)	২৪,২৩৫.০৯	৬৯৬.৩৭	৩৯৯.৭৯	২,৮০৫.৭৫	৬,১৫৪.৫২	২৪৭.৬১	৩৮৫.৫৮	১৩,৫৪৫.৪৭
২. শ্রমিক সংখ্যা (হাজারে)	১,৫৫৬.১৫	৫৯১.৮২	২০৫.৬৪	১৪২.৩৮	৩৪.৪২	৩৯.৯৩	২৩.৪৬	৫১৮.৫০
৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ	১৫,৫৭৩.৭৫	১,১৭৬.৬৬	১,৯৪৪.১৩	১৯,৭০৬.০৭	১৭৮,৮০৬.৫১	৬,২০১.১০	১৬,৪৩৫.৬৪	২৬,১২৪.৩৪

সারণি-৫ হতে দেখা যাচ্ছে যে, বাণিজ্য খাতের কর্পোরেশনসমূহের শ্রমিক প্রতি মূল্যসংযোগ ১৭৮,৮০৬.৫১ টাকা যা অন্যান্য খাতের তুলনায় বেশি। অন্যদিকে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, কৃষি ও মৎস্য সেক্টরের শ্রমিক উৎপাদনশীলতা তুলনামূলক ভাবে কম। ২০১৯-২০ অর্থবছরে ৪৯টি সংস্থার মোট মূল্যসংযোগ ছিল ২৪,২৩৫.০৯ কোটি টাকা।

সারণি-৬ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত মূলধনের (স্থায়ী সম্পদ) উৎপাদনশীলতা দেখান হয়েছে।

সারণি-৬ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. মূল্যসংযোগ (কোটি টাকায়)	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
২. নীট স্থায়ী সম্পদ (কোটি টাকায়)	১৭৪,৬২৮.৩১	৩.৩১	১৬৫,৭৪১.৯৪	১৬৩,৬২০.১৬
৩. মূলধনের উৎপাদনশীলতা (১/২)	০.১১	(১৫.৩৩)	০.১২	০.১৫

সারণি-৬ হতে দেখা যায় যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মূল্যসংযোগ হ্রাস পাওয়ায় প্রবৃদ্ধির হার ঋণাত্মক হয়েছে এবং মূলধনের (নীট স্থায়ী সম্পদ) পরিমাণ বৃদ্ধি পাওয়ায় প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে। এখানে উল্লেখ্য যে, বর্ণিত উৎপাদনশীলতার পরিমাণ শুধুমাত্র মূলধনের অবদান প্রদর্শন করে না। যেহেতু অন্যান্য উৎপাদনকে পৃথক করা হয়নি, অতএব এ পরিমাপকে সতর্কতা সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৭ এ কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্যে ২০১৯-২০ হতে ২০২১-২২ সাল পর্যন্ত উপাদান আয় হিসাব করা হয়েছে।

সারণি -৭ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. কর্মীর অংশ	৪০.৮৬	২০.২২	৪৪.৭৪	২৮.২৭
২. মূলধনের অংশ	৫৮.৮৭	১০.৪৪	৫১.৭৮	৪৮.২৬
৩. পরিচালন আয়ের অংশ	০.২৭	(৮৯.১৯)	৩.৪৮	২৩.৪৬

২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শ্রমের অংশ যথাক্রমে ৪৪.৭৪ কোটি টাকা এবং ৪০.৮৬ কোটি টাকা । ২০১৯-২০ সাময়িক অর্থবছরে শ্রমের অংশ ছিল ২৮.২৭ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত অর্থবছরে মূলধনের অংশ বৃদ্ধি পেয়ে ৫১.৭৮ দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মূলধনের অংশ ২০২০-২১ সংশোধিত অর্থবছর হতে পুনরায় বৃদ্ধি পেয়ে ৫৮.৮৭ দাঁড়াবে বলে হিসাব করা হয়েছে। উপরোক্ত সময়কালে পরিচালন আয়ের অংশ প্রায় ৮৯.১৯ শতাংশ হ্রাস পাবে।

সারণি -৮ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত বিনিয়োগ ও সঞ্চয় (চলতি মূল্য) দেখানো হয়েছে।

সারণি -৮ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ প্রাক্কলিত বাজেট	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. বিনিয়োগ	৪৯,৭৪৪.৮৯	৭২.৫৪	৩৩,৭৬৬.৮৮	১৬,৭০৯.১৭
২. সংরক্ষিত আয়	৭,৪৭৫.৩৪	(১০.২৮)	৭,১৬৩.৩৫	৯,২৮৬.৭৬
৩. অবচয়	১০,৯১৬.১২	(৩.৪০)	১০,৪২২.৩৮	১১,৬৯৬.৮৮
৪. মোট সঞ্চয় (২+৩)	১৮,৩৯১.৪৬	(৬.৩৮)	১৭,৫৮৫.৭৩	২০,৯৮৩.৬৪
৫. অর্থের প্রয়োজনীয়তা (১-৪)	৩১,৩৫৩.৪৩	১৮৬.৪০	১৬,১৮১.১৫	(৪,২৭৪.৪৭)

বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং নিজস্ব তহবিল হতে কর্পোরেশনসমূহ ২০১৯-২০ অর্থবছরে মোট ১৬,৭০৯.১৭ কোটি টাকা বিনিয়োগ করেছে ।



লেখ চিত্র: ২০২১-২২ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বিনিয়োগ ও সঞ্চয়

২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে বিনিয়োগের পরিমাণ যথাক্রমে ৩৩,৭৬৬.৮৮ কোটি টাকা ও ৪৯,৭৪৪.৮৯ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছরের বিনিয়োগের প্রবৃদ্ধির হার ৭২.৫৪ শতাংশ এবং সঞ্চয় প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৬.৩৮ শতাংশ।

২০২০-২১ ও ২০২১-২২ উভয় অর্থবছরে কর্পোরেশনসমূহের সঞ্চয় ২০১৯-২২০ অর্থবছর হতে হ্রাস পেয়েছে। ২০১৯-২২০ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ছিল ২০,৯৮৩.৬৪ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ২০১৯-২২০ অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১৭,৫৮৫.৭৩ কোটি এবং ২০২১-২২ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেয়ে ১৮,৩৯১.৪৬ কোটি টাকায় দাঁড়াবে ।

২০২০-২১ অর্থবছরে সঞ্চয় হ্রাস পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ১৬,১৮১.১৫ কোটি এবং ২০২১-২২ অর্থবছরে সঞ্চয় পূর্ববর্তী অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা দাঁড়াবে ৩১,৩৫৩.৪৩ কোটি টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় ও ঋণ গ্রহণের মাধ্যমে অর্থের প্রয়োজনীয়তা মিটানো হবে।

সারণি -৯ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত সেক্টর ভিত্তিক বিনিয়োগ (চলতি মূল্য) দেখানো হয়েছে

সারণি -৯ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. শিল্প	৩,৮৮৭.১৭	২০.৮৩	১,১৪৭.৮৯	২,৬৬২.৪৬
২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি	১২,১৭৯.২৫	৩৮.৫০	১০,২৫২.২০	৬,৩৪৯.৩৩
৩. পরিবহন ও যোগাযোগ	১০,৩৪৩.১৫	১৩০.৬৯	৫,৭৬৯.৯৭	১,৯৪৩.৬০
৪. বাণিজ্য	৪,০৮৬.৮২	১৮৯.৩৫	১,৫৫০.৯৮	৪৮৮.১২
৫. কৃষি	২৩.২৪	১১০.৪০	১৫.৩৯	৫.২৫
৬. নির্মাণ	৩,০৩১.৭৭	৮৪.৪৬	১,৩৬৬.৯০	৮৯১.০৫
৭. সার্ভিস সেক্টর	১৬,১৯৩.৪৯	৯২.৫১	১৩,৬৬৩.৫৬	৪,৩৬৯.৩৬
৮. সকল সেক্টর	৪৯,৭৪৪.৮৯	৭২.৫৪	৩৩,৭৬৬.৮৯	১৬,৭০৯.১৭

উপরোক্ত সারণি হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, পরিবহন ও যোগাযোগ, বাণিজ্য , কৃষি, নির্মাণ এবং সার্ভিস সেক্টর সহ সব সেক্টরে উচ্চতর বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে। শিল্প সেক্টরে বিনিয়োগের প্রবৃদ্ধির হার ২০.৮৩ শতাংশ। ২০১৯-২০ অর্থবছরে বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ৬,৩৪৯.৩৩ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত আর্থবছরে ১০,২৫২.২০ কোটি ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১২,১৭৯.২৫ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে সার্ভিস সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ৪,৩৬৯.৩৬ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত আর্থবছরে ১৩,৬৬৩.৫৬ কোটি ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১৬,১৯৩.৪৯ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে।

২০১৯-২০ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে শুল্ক, ভ্যাট, লভ্যাংশ ও আয়কর ইত্যাদি বাবদ ২৬,৩৩৩.৪৩ কোটি টাকা জমা প্রদান করে।

সরকারি কোষাগারে দেয় অবদান (২০১৯-২০) (কোটি টাকায়)

১. শিল্প	৩২৬.৬৭
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি	৪,৭১৭.২৯
৩. পরিবহন ও যোগাযোগ	৬২৩.৬২
৪. বাণিজ্যিক	১৪,১২২.৮৬
৫. কৃষি ও মৎস্য	০.৭৫
৬. নির্মাণ	২৪৬.৭৭
৭. সার্ভিস ও অন্যান্য	৬২৯৫.৪৭
মোট	২৬,৩৩৩.৪৩



পেশ চিত্র:২০১৯-২০ অর্থবছরে ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের সরকারি কোষাগারে দেয় মোট অবদান

২০১৯-২০ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে ১,৪২৪.২০ কোটি টাকা লভ্যাংশ হিসেবে জমা প্রদান করে। ২০২১-২২ অর্থবছরে প্রাক্কলিত এবং ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসেবে যথাক্রমে ১,৩৮৮.৯১ কোটি টাকা এবং ১,৩৩৬.২৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে প্রাক্কলন করা হয়েছে।

লভ্যাংশ (২০১৯-২০)	(কোটি টাকায়)
১. শিল্প	১২.০০
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি	৮৫৪.৮৬
৩. পরিবহন ও যোগাযোগ	৯৬.৯০
৪. বাণিজ্যিক	৩০০.০০
৫. কৃষি ও মৎস্য	০.১০
৬. নির্মাণ	২১.৬৯
৭. সার্ভিস ও অন্যান্য	১৩৮.৭৫
মোট	১,৪২৪.২০



লেখচিত্র: ৪৯ টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের লভ্যাংশের খাতওয়ারী অবদান

তহবিল প্রবাহ বিশ্লেষণ করলে সঞ্চয় এবং বিনিয়োগের ঘাটতি কিভাবে পূরণ করা হবে তা উপলব্ধি করা যাবে। সারণি-১০ হতে দেখা যাচ্ছে যে, ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে আর্থিক ঘাটতির পরিমাণ ২০১৯-২০ অর্থবছর অপেক্ষা বেশি।
সারণি-১০ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ তহবিলের উৎস ও প্রয়োগ দেখানো হয়েছে।

সারণি-১০ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ (সাময়িক)
১. আর্থিক প্রয়োজনীয়তা (বিনিয়োগ- সঞ্চয়)	৩১,৭৬৫.৯৬	১৬,৫৮৪.০৮	(৩,৮২২.৩০)
২. বাদ: ইকুটির প্রয়োগ	১৫৬.৯৯	১২,৭৯২.১০	১১,৪১০.৭৭
৩. দীর্ঘমেয়াদি ঋণ	২৬,৫৮৩.৪৫	২৭,১৩৮.৩৯	১৮,৯৬৪.৫৭
৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	৬,৯৩৭.০৩	৬,৩৮২.৬৬	৪,২৩৫.০৪
৫. আর্থিক ঘাটতি	(৩,৫৭৯.৪৬)	(১৬,৯৬৩.৭৬)	(২৯,৯৬২.৬১)
৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি	৪৪,৫৩১.২২	৪০,১৬০.৬৩	-
৭. স্বল্প মেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি	৪০,৯৫১.৭৫	২৩,১৯৬.৮৭	-

২০১৯-২০ প্রকৃত অর্থবছরের মূলধন প্রয়োগ (Equity Injection) ১১,৪১০.৭৭ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ১২,৭৯২.১০ কোটি টাকা ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে হ্রাস পেয়ে ১৫৬.৯৯ কোটি টাকায় দাঁড়াবে। উপরোক্ত সময়কালে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ ১৮,৯৬৪.৫৭ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ২৭,১৩৮.৩৯ কোটি টাকা ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ২৬,৫৮৩.৪৫কোটি টাকায় দাঁড়াবে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ৬,৯৩৭.০৩ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করতে সক্ষম হবে যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরের ৬,৩৮২.৬৬ কোটি টাকা হতে বেশি। ২০১৯-২০ সাময়িক অর্থবছরে রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ৪,২৩৫.০৪ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করেছে। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহের আর্থিক ঘাটতি ১৬,৯৬৩.৭৬ এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ৩,৫৭৯.৪৬ কোটি টাকা আর্থিক ঘাটতি হবে বলে প্রাক্কলন করা হয়েছে। অবশ্য ১০ % হারে চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি ধরে ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে সম্পদ দাঁড়াবে ৪৪,৫৩১.২২ কোটি টাকা।
সারণি- ১১ এ কর্পোরেশনসমূহের ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ হিসাব করা হয়েছে।

সারণি- ১১ (কোটি টাকায়)

বিবরণ	শিল্প	বিদ্যুৎ, গ্যাস ও পানি	পরিবহন ও যোগাযোগ	বাণিজ্য	কৃষি ও মৎস্য	নির্মাণ	সার্ভিস	মোট
১. আর্থিক প্রয়োজনীয়তা	৪,৮৬৯.০২	৩,৫৯৯.৬০	৮,৭৬৮.৩৯	৪,১০৮.৭৬	(৭.৯০)	২,৩১৫.৫০	৮,১২.৫৮	৩১,৭৬৫.৯৫
২. বাদ: মূলধন প্রয়োগ	৫.৭১	১,৯৮৫.৯০	২,০৮৭.২৫	-	-	১,২৫৩.৯১	১০,৩৬৬.২৩	১৫,৬৯৯.০০
৩. দীর্ঘমেয়াদি ঋণ	২৩৬.২৯	৪,৮০০.৮৯	৭.২০	২,৪৪২.৮৯	-	৮৫০.০০	১৮,২৪৬.১৮	২৬,৫৮৩.৪৫
৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	১১৩.৫২	২,৪০৮.৭০	১৩৯.১১	২,৪৪২.৮৯	০.২৫	৫০.০০	১,৭৮২.৫৬	৬,৯৩৭.০৩
৫. আর্থিক ঘাটতি	৪,৭৪০.৫৩	(৭৭৮.৪৮)	৬,৮১৩.০৫	৪,১০৮.৭৬	(৭.৬৫)	২৬১.৫৯	(১৮,৭১৭.২৬)	(৩,৫৭৯.৪৬)
৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি	১,৫৯৫.৯২	৩,২৪৩.৭৮	৫৯৬.৬৭	৫,৮২৪.৩৭	৫৮.৫০	২,৬৯৪.৭৬	৩০,৫১৭.২১	৪৪,৫৩১.২১
৭. স্বল্পমেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি	৬,৩৩৬.৪৫	২,৪৬৫.৩০	৭,৪০৯.৭১	৯,৯৩৩.১৪	৫০.৮৬	২,৯৫৬.৩৫	১১,৭৯৯.৯৪	৪০,৯৫১.৭৫

সারণি-১১ এ সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ বিশ্লেষণ হতে দেখা যায় যে,বিদ্যুৎ,গ্যাস ও পানি, কৃষি ও মৎস্য এবং সার্ভিস সেক্টরের অন্তর্ভুক্ত পাবলিক কর্পোরেশনসমূহে আর্থিক ঘাটতি থাকবে না । কিন্তু অন্যান্য সেক্টর যেমন বাণিজ্য, শিল্প, বাণিজ্য, নির্মাণ এবং পরিবহণ ও যোগাযোগ সেক্টরে কর্পোরেশণের আর্থিক ঘাটতি পরিলক্ষিত হয় । পরিবহণ ও যোগাযোগ সেক্টরে আর্থিক ঘাটতির পরিমাণ সবচেয়ে বেশি অর্থাৎ ৬,৮১৩.০৫ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। তবে আলোচ্য অর্থবছরে সংস্থাসমূহে সর্বমোট ৩,৫৭৯.৪৬ কোটি টাকার তহবিল উদ্বৃত্ত থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে বাণিজ্য সেক্টর সর্বোচ্চ ২,৪৪২.৮৯ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ সহ সংস্থাসমূহ মোট ৬,৯৩৭.০৩ কোটি টাকা ঋণ পরিশোধ করবে করবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে চলতি সম্পদের মোট আনুমানিক বৃদ্ধি হবে ৪৪,৫৩১.২১ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে সংস্থাসমুহে আর্থিক প্রয়োজনীয়তার পরিমাণ ৩১,৭৬৫.৯৫ কোটি টাকা এবং এর বিপরীতে ১৫,৬৯৯.০০ কোটি টাকার মূলধন প্রয়োগ হবে।

আর্থিক বিশ্লেষণ

লাভ/লোকসান পরিস্থিতি যে কোন কর্পোরেশনের আর্থিক বিশ্লেষণের একটি গুরুত্বপূর্ণ দিক। বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সমস্ত প্রতিষ্ঠনের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে সম্পদের উপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি- ১২ এ প্রতিষ্ঠানমূহের ২০১৯-২০ অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত অর্জিত মুনাফার হিসাব দেখানো হয়েছে।

সারণি- ১২ (কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. পরিচালন রাজস্ব	২০৮,০৭৬.৮২	১৮২,৯৮৮.৪৯	১৬৬,৭২২.২০
২. পরিচালন উদ্বৃত্ত	৫০.৮১	৭০০.০০	৫,৬৮৬.৫৭
৩. পরিচালন বহির্ভূত রাজস্ব	৪,৪২০.৭০	৪,৪৬৩.১৮	৫,২৩৪.৬০
৪. কর্মচারী অংশীদারি তহবিল	৯১.৪৩	৬৭.৩৫	৭৫.৫১
৫. ভর্তুকি	১০,৫৩৫.৭৪	১১,১৮৫.৮৫	৭,৪৫৪.৪০
৬. সুদ	৪,২৪৫.৫৯	৪,১২২.০৪	৩,৯৫৬.৬৯
৭. কর পূর্ব নীট লাভ/ (লোকসান)	৭,১৭২.৫৩	৪,৯৪৪.১১	৭,১২৮.৮২
৮. কর	১,৬৯১.৭২	৩,৫৫৫.৪৯	৩,৫৮২.১৪
৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান)	৮,৮৬৪.২৫	৮,৪৯৯.৬০	১০,৭১০.৯৬
১০. লভ্যাংশ (ডিভিডেন্ট)	১,৩৮৮.৯১	১,৩৩৬.২৫	১,৪২৪.২০
১১. সংরক্ষিত আয়	৭,৪৭৫.৩৪	৭,১৬৩.৩৫	৯,২৮৬.৭৬
১২. মোট বিনিয়োগ/ ফান্ড	৬৯২,২৫৪.২৭	৬১৫,২৮৮.৬৫	৫৫৫,৭৮০.২৭
১৩. ইকুইটি	২২২,০৪১.৫৮	১৯৮,৪৩৮.৮১	১৭৮,০৯২.৬২
১৪. বিনিয়োগের উপর পরিচালন মুনাফার হার (২/১২)	০.০১	০.১১	১.০২
১৫. পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার (৯/১১)	৪.২৬	৪.৬৪	৬.৪২
১৬. ইকুইটির উপর লভ্যাংশের হার (১০/১৩)	০.৬৩	০.৬৭	০.৮০
১৭. মোট সম্পদের টার্নওভার (১/১২)	০.৩০	০.৩০	০.৩০

সারণি- ১২ এ সংস্থাসমূহ কর্তৃক পরিচালন আয়ের উপর নীট মুনাফার হার (Margin on operational revenue), সম্পদের টার্নওভার (Asset Turn Over) এবং কর উত্তর নীট লাভ (Net profit after tax) ও ইকুইটির উপর লভ্যাংশের হার (Return on equity) ইত্যাদি দেখানো হয়েছে।

২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে মোট বিনিয়োগের উপর ০.০১ শতাংশ পরিচালন মুনাফার হার প্রাক্কলন করা হয়েছে। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ০.১১ শতাংশ এবং ২০১৯-২০ অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ছিল ১.০২ শতাংশ । পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত অর্থবছরে যথাক্রমে ৪.২৬ শতাংশ এবং ৪.৬৪ শতাংশে দাঁড়াবে। ২০১৯-২০ সাময়িক অর্থবছরে পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ছিল ৬.৪২ শতাংশ।

সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায় যে,২০২০-২১ সংশোধিত অর্থবছরে এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে সম্পদ ব্যবহারের ক্ষমতা ২০১৯-২০ সাময়িক অর্থবছরের ন্যায় একই থাকবে।

২০১৯-২০ সাময়িক অর্থবছরে অ-আর্থিক পাবলিক কর্পোরেশনসমূহের কর উত্তর নীট মুনাফা ছিল ১০,৭১০.৯৬ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৮,৪৯৯.৬০ কোটি টাকা ও ৮,৮৬৪.২৫ কোটি টাকা ।

২০১৯-২০ সাময়িক অর্থবছরে সংস্থাসমূহ সরকারি কোষাগারে ১,৪২৪.২০ কোটি টাকা লভ্যাংশ হিসাবে জমা প্রদান করে। ২০২১-২২ প্রাক্কলিত এবং ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসাবে যথাক্রমে ১,৩৮৮.৯১ কোটি টাকা এবং ১,৩৩৬.২৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে।

২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে কর্পোরেশনসমূহ গৃহীত ঋণের উপর ৪,২৪৫.৫৯ কোটি টাকা ও ২০২০-২১ অর্থবছরে ৪,১২২.০৪ কোটি টাকা সুদ প্রদান করবে যা ২০১৯-২০ অর্থবছরে ছিল ৩,৯৫৬.৬৯ কোটি টাকা। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১,৬৯১.৭২ কোটি টাকা কর প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরের সংশোধিত লক্ষ্যমাত্রা ৩,৫৫৫.৪৯ কোটি টাকা হতে কম । ২০১৯-২০ অর্থবছরে কর প্রদানের পরিমাণ ছিল ৩,৫৮২.১৪ কোটি টাকা।

মুনাফা তারতম্যের কারণ

মোট বিনিয়োগের উপর মুনাফার হার মূলত দুটি বিষয়ের উপর নির্ভরশীল ১. পরিচালন রাজস্বের উপর মুনাফা এবং ২. রাজস্ব অর্জনে মোট সম্পদ ব্যবহারের টার্নওভার। সারণি- ১২ হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ছিল ৬.৪২। ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত উভয় অর্থবছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ২০১৯-২০ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়ে যথাক্রমে ৪.২৬ ও ৪.৬৪ হবে । রাজস্ব অর্জনে মোট সম্পদের টার্নওভার অনুপাত ২০১৯-২০ অর্থবছরের ৩০% যা ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত অর্থবছরে একই থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে ।

আর্থিক তারল্য ও স্থিতি

সারণি- ১৩ এ কর্পোরেশনসমূহের জুন ২০২২, জুন ২০২১ ও জুন ২০২০ সনে সমাপ্ত আর্থিক বৎসরের প্রাক্কলিত, সংশোধিত এবং প্রকৃত স্থিতিপত্র দেখানো হয়েছে। এখান উল্লেখ্য যে, ২০২১-২২ অর্থবছরের ব্যালেন্স শীট ২০২০-২১ অর্থবছরের ব্যালান্স শীটের সাথে প্রাক্কলিত বিনিয়োগ, মূলধন, ঋণ প্রাপ্তি এবং মুদ্রাস্ফীতির কারণে চলতি সম্পদের ১০% বার্ষিক প্রবৃদ্ধি ধরে প্রস্তুত করা হয়েছে। একইভাবে ২০২০-২১ অর্থবছরের ব্যালান্স শীট ২০১৯-২০ এর ভিত্তিতে তৈরি করা হয়েছে।

সারণি- ১৩ কর্পোরেশনসমূহের ব্যালান্স শীট জুন ২০২০ জুন ২০২১

সারণি- ১৩

(কোটি টাকায়)

বিবরণ	জুন ২০২২	মোট সম্পদের অংশ(%)	বার্ষিক প্রবৃদ্ধির হার	জুন ২০২১	মোট সম্পদের অংশ(%)	জুন ২০২০	মোট সম্পদের অংশ (%)
১. মূলধন	২২২,০৪১.৫৮	৩২.০৮	১১.৬৬	১৯৮,৪৩৮.৮১	৩২.২৫	১৭৮,০৯২.৬২	৩২.০৪
২. দীর্ঘমেয়াদি দায়	২৭৯,৯৫৭.৩২	৪০.৪৪	৯.০৯	২৫৭,৪৯৫.০৭	৪১.৮৫	২৩৫,২৪১.৬৬	৪২.৩৩
৩. চলতি দায়	১৯০,২৫৫.৩৬	২৭.৪৮	১৫.৫৭	১৫৯,৩৫৪.৭৭	২৫.৯০	১৪২,৪৪৫.৯৯	২৫.৬৩
৪. মোট দায়	৪৭০,২১২.৬৮	৬৭.৯২	১১.৫৮	৪১৬,৮৪৯.৮৪	৬৭.৭৫	৩৭৭,৬৮৭.৬৫	৬৭.৯৬
৫. মোট পুঁজি	৬৯২,২৫৪.২৭	১০০.০০	১১.৬০	৬১৫,২৮৮.৬৫	১০০.০০	৫৫৫,৭৮০.২৭	১০০.০০
৬. স্থায়ী সম্পদ অবচয় বাদে	১৭৪,৬২৮.৩১	২৫.২৩	৩.৩১	১৬৫,৭৪১.৯৪	২৬.৯৪	১৬৩,৬২০.১৬	২৯.৪৪
৭. অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ	২৫৮,৬৬৯.৬৪	৩৭.৩৭	১৫.৩৮	২২১,৬৮২.৭৮	৩৬.০৩	১৯৪,৩১৫.৫০	৩৪.৯৬
৮. চলতি সম্পদ মজুদ	২৯,১৪৯.৭৩	৪.২১	১০.০০	২৬,৪৯৯.৭৫	৪.৩১	২৪,০৯০.৬৯	৪.৩৩
৯. অন্যান্য	২২৯,৮০৬.৫৯	৩৩.২০	১৫.০০	২০১,৩৬৪.১৭	৩২.৭৩	১৭৩,৭৫৩.৯৩	৩১.২৬
১০. মোট চলতি সম্পদ	২৫৮,৯৫৬.৩২	৩৭.৪১	*১৪.৪১*	২২৭,৮৬৩.৯২	*৩৭.০৩*	১৯৭,৮৪৪.৬২	*৩৫.৬০*
১১. মোট সম্পদ	৬৯২,২৫৪.২৭	১০০.০০	১১.৬০	৬১৫,২৮৮.৬৪	১০০.০০	৫৫,৭৮০.২৮	১০০.০০

২০২১-২২ অর্থবছরে ৪৯টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৯২,২৫৪.২৭ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে এবং বার্ষিক প্রবৃদ্ধির হার ১১.৬০ শতাংশ । ২০১৯-২০ অর্থবছরে স্থায়ী সম্পদ মোট সম্পদের ২৯.৪৪ শতাংশ। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে স্থায়ী সম্পদ যথাক্রমে মোট সম্পদের ২৬.৯৪ ও ২৫.২৩ শতাংশ। অতএব, দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদে স্থায়ী সম্পদের অংশ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। অপরদিকে অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ (মূলত বাস্তবায়নাধীন প্রকল্পে)ব্যয়সমূহ ২০১৯-২০ অর্থবছরে মোট সম্পদের ৩৪.৯৬ শতাংশ। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে যা ২০১৯-২০ প্রকৃত অর্থবছরের তুলনায় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৬.০৩ শতাংশ ও ৩৭.৩৭ শতাংশে দাঁড়াবে ।

২০১৯-২০ অর্থবছরে ঋণ মূলধনের সামগ্রিক অনুপাত ৬৮:৩২ । ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত উভয় অর্থবছরে ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে ৬৮:৩২ । অর্থাৎ মোট বিনিয়োগে মূলধনের পরিমাণ একই থাকবে। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে স্বল্পমেয়াদি দায় (চলতি দায়) মোট সম্পদের যথাক্রমে ২৫.৯০ এবং ২৭.৪৮ শতাংশ । তবে আলোচ্য সময়ে চলতি সম্পদ এবং চলতি দায়ের প্রবৃদ্ধি হার হবে যথাক্রমে ০.৪১ শতাংশ এবং ১১.৫৮ শতাংশ । ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে চলতি অনুপাত যথাক্রমে ১.২৬ ও ১.৩৬। চলতি অনুপাত ১.৫ এর নীচে সামগ্রিকভাবে রাষ্ট্রায়ত্ত সংস্থার নগদ অর্থ প্রবাহে প্রতিকূল অবস্থার পরিচায়ক (কাঙ্খিত অনুপাত ২) ।